



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন

নিরীক্ষা বিভাগ

৩৯৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

Email: chiefauditbscic@gmail.com




স্মারক নং-৩৬.০২.০০০০.০৩১.১৬.০০৩.২২/ ৩৯৮ (১১)

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০
০১ জুন ২০২৩

বিষয়ঃ ক্র্যাশ প্রোগ্রামের আওতায় অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ৩০ মে ২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৯০তম সমন্বয় সভায় চেয়ারম্যান, বিসিক মহোদয় বিসিক প্রধান কার্যালয়সহ সকল কার্যালয়কে তাদের বিদ্যমান বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন আপত্তি জুন ২০২৩খ্রি. এর মধ্যে নিষ্পত্তির জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

- ১। বিসিক প্রধান কার্যালয়ের সকল বিভাগ/শাখা/সেলকে তাদের বিদ্যমান বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন আপত্তির ন্যূনতম ০১ (এক)টি আপত্তি (সাধারণ/অগ্রিম/খসড়া/সংকলন) নিষ্পত্তি করতে হবে।
 - ২। বিসিকের সকল আঞ্চলিক কার্যালয়কে তাদের বিদ্যমান বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন সকল আপত্তি (সাধারণ/ অগ্রিম/খসড়া/সংকলন) নিষ্পত্তি করতে হবে।
 - ৩। বিসিকের সকল জেলা কার্যালয়কে তাদের বিদ্যমান বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন আপত্তির ন্যূনতম ০১ (এক)টি আপত্তি (সাধারণ/ অগ্রিম/খসড়া/সংকলন) নিষ্পত্তি করতে হবে।
 - ৪। বিসিকের সকল শিল্পনগরী কার্যালয়কে তাদের বিদ্যমান বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন আপত্তির ন্যূনতম ০১ (এক)টি আপত্তি (সাধারণ/ অগ্রিম/খসড়া/সংকলন) নিষ্পত্তি করতে হবে।
 - ৫। বিসিকের জেলা কার্যালয়কে তাদের অধীন অন্যান্য কার্যালয়ের বিদ্যমান বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন আপত্তির ন্যূনতম ০১ (এক)টি আপত্তি (সাধারণ/ অগ্রিম/খসড়া/সংকলন) নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 - ৬। আঞ্চলিক কার্যালয় তাদের অধীন সকল (জেলা কার্যালয়/শিল্পনগরী/অন্যান্য কার্যালয়) কার্যালয়ের অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য কার্যালয় প্রধান/ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে পূর্ব নির্দেশিত অনলাইন/জুম আইডির মাধ্যমে অনুষ্ঠিত অডিট সম্পর্কিত সমন্বয় সভায় নিরীক্ষা বিভাগ, বিসিক, ঢাকার একজন প্রতিনিধিকে উপস্থিত/সংযুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- এমতাবস্থায় বর্ণিত সকল কার্যালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ০১/০৭/২০২৩খ্রি. তারিখের মধ্যে তথ্য প্রমাণসহ ব্রডশীট জবাব নিরীক্ষা বিভাগ, বিসিক, ঢাকায় পৌঁছানো নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- সংযুক্ত : ব্রডশীট জবাবের নমুনা ০২(দুই) কপি।


(মোঃ কামাল উদ্দিন বিশ্বাস)
পরিচালক (অর্থ) (ফুডসচিব)
বিসিক, ঢাকা।

কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ/প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা/বিপণন, নকশা ও কারুশিল্প/দক্ষতা ও প্রযুক্তি/প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন) মহোদয়, বিসিক, ঢাকা।
- ২। আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৩। অধ্যক্ষ, বিসিক ট্রেইনিং ইনস্টিটিউট (বিটিআই), ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক (সকল) , বিসিক, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক (সকল) , বিসিক, ঢাকা।
- ৬। বিসিক প্রধান কার্যালয়ের বিভাগ/শাখা/সেল প্রধান (সকল)।
- ৭। আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/উপব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয় (সকল).....।
(জেলা কার্যালয় প্রধানগণ শিল্পনগরী ব্যতীত জেলা কার্যালয়ের অধীন অন্যান্য কার্যালয়ের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন।)
- ৯। শিল্পনগরী কর্মকর্তা, বিসিক শিল্পনগরী (সকল)।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অফিস কপি।



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন

“নমুনা ছক”

ব্রডশীট জবাব

প্রতিষ্ঠানের নামঃ

আপত্তির ধরণঃ অগ্রিম/খসড়া/সংকলন।

ক্র: নং	নিরীক্ষা বছর	অনু: নং	আপত্তির সংক্ষিপ্ত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	উর্দ্ধতন কর্তৃপক্ষের সুপারিশ/মন্তব্য	মন্ত্রণালয়ের মন্তব্য (প্রয়োজ্য ক্ষেত্রে)

হিসাব রক্ষক তথা-কোষাধ্যক্ষ (স্বাক্ষর ও সীল)

অফিস প্রধান (স্বাক্ষর ও সীল)



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন

“নমুনা ছক”

ব্রডশীট জবাব

প্রতিষ্ঠানের নামঃ

আপত্তির ধরণঃ সাধারণ।

ক্র:নং	নিরীক্ষা বছর	অনু: নং	আপত্তির সংক্ষিপ্ত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	উর্দ্ধতন কর্তৃপক্ষের সুপারিশ

হিসাব রক্ষক তথা-কোষাধ্যক্ষ (স্বাক্ষর ও সীল)

অফিস প্রধান (স্বাক্ষর ও সীল)